

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ১৫৭৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ৭২৮]

৬। মুসাফিরদের সালাত ও তার কসর (كتاب صلاة المسافرين وقصرها)

পরিচ্ছেদঃ ১৫. ফরযের পূর্বে ও পরে নিয়মিত সুন্নতের ফযীলত এবং তার সংখ্যার বিবরণ

باب فَضْل السُّنَنِ الرَّاتِبَةِ قَبْلَ الْفَرَائِضِ وَبَعْدَهُنَّ وَبَيَانِ عَدَدِهِنَّ

আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بِنُ عَبْدِ اللَّهِ بْنِ نُمَيْرٍ، حَدَّتَنَا أَبُو خَالِدٍ، _ يَعْنِي سُلَيْمَانَ بْنَ حَيَّانَ _ عَنْ عَمْرِو بْنِ أَوْسٍ، قَالَ حَدَّتَنِي عَنْبَسَةُ بْنُ أَبِي هِنْدٍ، عَنِ النُّعْمَانِ بْنِ سَالِمٍ، عَنْ عَمْرِو بْنِ أَوْسٍ، قَالَ حَدَّتَنِي عَنْبَسَةُ بْنُ أَبِي سُفْيَانَ، فِي مَرَضِهِ الَّذِي مَاتَ فِيهِ بِحَدِيث يُتَسَارُ إلَيْهِ قَالَ سَمِعْتُ أُمَّ حَبِيبَةَ تَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَنْ صَلَّى اثْنَتَىٰ عَشْرَةَ رَكْعَةً فِي يَوْمِ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " مَنْ صَلَّى اثْنَتَىٰ عَشْرَةَ رَكْعَةً فِي يَوْمِ وَلَيْلَةٍ بُنِيَ لَهُ بِهِنَّ بَيْتُ فِي الْجَنَّةِ " . قَالَت ْ أُمُّ حَبِيبَةَ فَمَا تَرَكْتُهُنَّ مُنْذُ سَمِعْتُهُنَّ مِنْ رَسُولِ اللّهِ عليه وسلم . وَقَالَ عَنْبَسَةُ فَمَا تَرَكْتُهُنَّ مُنْذُ سَمِعْتُهُنَّ مِنْ أُمِّ حَبِيبَةَ . وَقَالَ النَّعْمَانُ بُنُ سَالِمٍ مَا تَرَكْتُهُنَّ مُنْ مُنْ سَمِعْتُهُنَّ مِنْ عَنْبَسَةَ . وَقَالَ النَّعْمَانُ بْنُ سَالِمٍ مَا تَرَكْتُهُنَّ مُنْ مُنْ عَمْرِو بْنِ أَوْسٍ مَا تَرَكْتُهُنَّ مِنْ عَمْرو بْنِ أَوْسٍ .

বাংলা

১৫৭৯-(১০১/৭২৮) মুহাম্মাদ ইবনু আবদুল্লাহ ইবনু নুমায়র (রহঃ) আমর ইবনু আওস (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, যে রোগে আম্বাসাহ ইবনু আবূ সুফইয়ান মৃত্যুবরণ করেছেন- সে রোগ শয্যায় থাকাকালে তিনি আমার কাছে এমন একটি হাদীস বর্ণনা করেছেন যা খুবই খুশীর বা আনন্দের। তিনি বলেছেনঃ আমি উম্মু হাবীবাহকে বলতে শুনেছি, তিনি বলেছেনঃ আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে এ কথা বলতে শুনেছি যে, দিন ও রাতে যে ব্যক্তি মোট ১২ রাকাআত (সুন্নাত) সালাত আদায় করে তার বিনিময়ে জান্নাত ও ঐ ব্যক্তির জন্য একটি ঘর নির্মাণ করা হয়।

উন্মু হাবীবাহ বলেছেনঃ আমি যে সময়ে রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এ সালাত সম্পর্কে শুনেছি তখন থেকে আর কখনো তা আদায় করা পরিত্যাগ করিনি। আম্বাসাহ ইবনু আবৃ সুফইয়ান বলেছেনঃ এ সালাত সম্পর্কে যখন আমি উন্মু হাবীবার কাছে শুনেছি, তখন থেকে আর ঐ সালাতগুলো কখনো পরিত্যাগ করিনি। আমর ইবনু আওস বলেছেনঃ যে সময়ে এ সালাত সম্পর্কে আমি আম্বাসাহ ইবনু আবৃ সুফইয়ান এর নিকট থেকে শুনেছি সে সময় থেকে আর কখনো তা পরিত্যাগ করিনি। নুমান ইবনু সালিম বলেছেনঃ যে সময়



আমি এ হাদীসটি আমর ইবনু আওস-এর নিকট থেকে শুনেছি তখন থেকে কখনো আর তা পরিত্যাগ করিনি। (ইসলামী ফাউন্ডেশন ১৫৬৪, ইসলামীক সেন্টার ১৫৭১)

English

Umm Habiba (the wife of the Holy Prophet) reported Allah's Messenger (ﷺ) as saying:

A house will be built in Paradise, for anyone who prays in a day and a night twelve rak'ahs; and she added: I have never abandoned (observing them) since I heard it from the Messenger of Allah (ﷺ). Some of the other narrators said the same words: I have never abandoned (observing them) since I heard (from so and so).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন